

## শস্য সংগ্রহের সময় আনন্দ কর

অন্যদের সাথে তা ভাগ করে নেওয়ার মাধ্যমে বোয়স তার উৎপাদিত শস্যের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছিলেন

**প্রার্থনা :** “প্রিয় প্রভু, শিশুদের শস্যসামগ্রীর এবং তোমার অন্যান্য আশীর্বাদের জন্য তোমাকে ধন্যবাদ দিতে সাহায্য কর। বোয়স যেমন করেছিল, তেমন ভাবে তোমার আশীর্বাদ সমূহকে অন্য লোকদের সাথে ভাগ করে নেওয়ার মাধ্যমে আমাদেরকে সেগুলির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করতে সাহায্য কর।”

### ঈশ্বরকে ধন্যবাদ দাও

শিশুরা যে বিষয়গুলি সম্পর্কে ঈশ্বরকে ধন্যবাদ দেয়। সেই বিষয়গুলিকে তাদের উল্লেখ করতে দিন। শিশুদেরকে এই সমস্ত আশীর্বাদ সমূহের জন্য প্রার্থনা করতে ও ধন্যবাদ দিতে দিন।



রাতের বিবরণ ২ অধ্যায় উল্লেখিত গল্পটিকে একজন শিক্ষক অথবা বড় শিশুকে পাঠ করতে অথবা মুখস্থ বলতে দিন। বোয়স শস্যসংগ্রহের সময় দয়াদ্রতার সাথে কিভাবে রাতের সাথে ব্যবহার করেছিলেন তা এই গল্পটি প্রকাশ কর।

অন্যদের সাথে তার উৎপাদিত শস্যকে ভাগ করে নেওয়ার দ্বারা বোয়স কিভাবে ঈশ্বরকে ধন্যবাদ দিয়েছিলেন তা নাটক আকারে প্রস্তুত করুন। প্রাপ্তবয়স্কদের জন্য শিশুরা যাতে এই নাটকটি উপস্থাপন করতে পারে তার ব্যবস্থা করুন আরাধনাকারী নেতাদের সহযোগে। যখন আপনি শিশুদের শিক্ষা দিয়েছিলেন তখন এই নাটকটির প্রস্তুতি নিন। বড় শিশুদেরকে ছোটদের সাহায্য করতে দিন। নাটকটির কিছু অংশ আপনি উপস্থাপন করতে পারেন।

- সমস্ত চরিত্রে পাঠ করার জন্যে যদি যথেষ্ট লোক না থাকে, তবে যিনি বিবৃতিকার হবেন তাকে সেই সমস্ত চরিত্রের নাম উল্লেখ করে সেগুলির বক্তব্যকে পাঠ করতে দিন।
- কুশলীরা চাইলে তাদের দীর্ঘ বক্তব্যকে সরাসরি বাইবেল থেকে পাঠ করতে দিন।
- বয়স্ক ব্যক্তিদের অথবা বড় শিশুদেরকে বোয়স, রাত, নয়মী, ভৃত্যদের এবং বিবৃতিকারের অংশগুলিতে পাঠ করতে দিন।



যিনি রাতের ভূমিকায় অভিনয় করবেন, তিনি বড় থলি অথবা এমন কোন পাত্র নিয়ে রাখবে, যাতে সে শস্য সংগ্রহ করতে পারবে। ছোট শিশুরা, প্রধান শস্যছেদনকারী এবং কিছু শস্যছেদনকারীরা ভূমিকায় পাঠ করবে। কিছু ছেদনকারী কাস্তে (লম্বা হাতলের সম্মুখ ভাগ বাঁধা ধারালো অস্ত্র যা দোলানোর সাহায্যে ছেদনকারীরা শস্যের আঁটি কর্তন করে) ব্যবহার করার ভান করবে।

**বিবৃতিকার :** “বোয়স যিনি একজন চাষী, তিনি কেমন ভাবে বিধবা রাতকে শস্য সংগ্রহের সময়ে করুণা প্রদর্শন করেছিলেন তা রাতের বিবরণ ২ অধ্যায় প্রকাশ করে।”

**রাত :** শস্য সংগ্রহকারীদের দিকে অঙ্গুলি নির্দেশ করার মাধ্যমে নয়মীকে (রাতের বিবরণ ২:২ থেকে) বলবে: “আমার প্রিয় শ্বশুরি নয়মি, যে ক্ষেত্রের চাষীর কাছ থেকে আমি অনুগ্রহ পাই, সেই ক্ষেত্রে গিয়ে কিছু শস্য কুড়িয়ে আনার জন্য আমাকে অনুমতি দিন।”

**নয়মী :** “হে আমার কন্যা, যাও তাই কর,” (রাত এসময় ছেদনকারীদের চারপাশে কিছুক্ষণ বিচরণ করবে এবং সংগ্রহ কালে পড়ে থাকা শস্য সংগ্রহ করে তা থলিতে রাখার অভিনয় করবে।)

**বোয়স :** “সু-প্রভাত, সংগ্রহকারী সকল! ঈশ্বর তোমাদের সহবর্তী হন!”

**ভৃত্যরা :** (ছেদনকারীদের নিকটে দাঁড়াবে) “সু-প্রভাত বোয়স! ঈশ্বর আপনার মঙ্গল করুন!”

**বোয়স :** রাতকে কিছুক্ষণ দেখবে, তারপর ভৃত্যদের বলবে, “এই মহিলাটির পরিচয় কি!”

**ভৃত্যরা :** (২:৬-৭ অংশ থেকে) “উনি হলেন একজন মোয়াবীয় মহিলা। যে নয়মীর সাথে মোয়াব থেকে প্রত্যাবর্তন করেছে।” সে আমাদের বলল যে, “শস্য সংগ্রহকারীরা শস্যের আঁটি সংগ্রহের সময় পড়ে থাকা শস্য আমাকে কুড়িয়ে নিতে দয়া করে অনুমতি দিন।”

**বোয়স :** (রুতের বিবরণ ২ঃ৮-৯ অংশ উক্ত করার দ্বারা রুতের সাথে কথা বলবে)  
 “হে আমার কন্যা মন দিয়ে শোন। অন্য কারোর ক্ষেত্রে পড়ে থাকা শস্য  
 কুড়াতে যেওনা; তুমি এখানে আমার দাসীদের সাথে থাকো। তোমার দৃষ্টি তারা  
 যে ফসল কাটছে তার প্রতি থাকুক, এবং তুমি তাদের পশ্চাত পাশ্চাত যাও।  
 স্তূত পক্ষে, আমি আমার ভৃত্যদের এই আজ্ঞা দিয়েছে যে, তারা যেন তোমায়  
 স্পর্শ না করে। যখন তোমার তৃষ্ণ পাবে তখন ওই জলের পাত্রগুলির কাছে  
 যাবে এবং ভৃত্যরা যা থেকে পান করে তা দিয়ে পান করবে।”



**রুত :** (২ঃ১০ থেকে) বোয়সের সম্মুখে অবনত হবে এবং উঠে দাঁড়িয়ে বলবে  
 “আমি বিদেশীণী আপনি আমার তত্ত্ব লইতেছেন, আপনার দৃষ্টিতে এ অনুগ্রহ  
 আমি কিসে পাইলাম?”

**বোয়স :** (২ঃ১১-১২ থেকে) “তোমার স্বামীর মৃত্যুর পরে তুমি তোমার স্বামীর সন্তানের সহিত যেরূপ ব্যবহার করেছ, এবং আপন  
 পিতা মাতা ও জন্ম দেশ ছেড়ে, পূর্বে যাদের জানতে না, এমন লোকদের কাছে এসেছে, এ সকল কথা আমি শুনেছি।  
 সদাপ্রভু তোমায় উপযুক্ত ফল দেবেন; তুমি ইস্রায়েলের ঈশ্বর যে সদাপ্রভুর পক্ষের নিচে আশ্রয় নিতে এসেছে। তিনি  
 তোমাকে সম্পূর্ণ পুরস্কার দেবেন।”

**রুত :** (২ঃ১৩ থেকে) “হে আমার প্রভু, আপনার দৃষ্টিতে যেন আমি অনুগ্রহ প্রাপ্ত হই, আপনি আমাকে সান্ত্বনা করলেন, এবং  
 আপনার এই দাসীর কাছে চিত্ত প্রবোধক কথা বললেন, আমি তো আপনার একটি দাসীর তুল্য নই।”

**বোয়স :** (২ঃ১৪ থেকে) “তুমি এই স্থানে এসে রুটি ভোজন কর এবং তোমার রুটি খন্ড সিরকায় ডুবিয়ে নাও।”

**বিবৃত্তিকার :** (২ঃ১৪-১৫ থেকে) “তখন সে ছেদকদের পার্শ্ব বসলে তারা তাকে ভাজা শস্য দিল; তাতে সে ভোজন করে তৃপ্ত  
 হল; এবং কিছু অবশিষ্ট রাখল।”

**বোয়স :** (ভৃত্যের কাছে হেঁটে যাবে এবং তাকে বলবে, ২ঃ১৫-১৬ থেকে) “একে আঁটির মধ্যে কুড়াতে দাও; এবং একে  
 তিরস্কার করনা; আবার ওর জন্য বাঁধা আঁটি থেকে কতক টেনে রেখে দাও; ওকে কুড়াতে দাও, ধমকিও না।”

**বিবৃত্তিকার :** (২ঃ১৭-১৮) থেকে “আর সে সন্ধ্যা পর্যন্ত সেই ক্ষেত্রে কুড়াল, পরে সে নিজের কুড়ান শস্য মাড়লে প্রায় এক  
 ঐফা হল। পড়ে সে, তাহা তুলে নিয়ে নগরে গেল, এবং তার স্বামীর তাহার কুড়ান শস্য দেখল।”

**নয়মী :** (২ঃ১৯-২০ থেকে) “তখন তার স্বামীর তাকে বলল, আজ তুমি কোথায় কুড়াছ? যে ব্যক্তি তোমার তত্ত্ব নিয়েছেন,  
 তিনি ধন্য হন। তিনি সেই সদাপ্রভুর আশীর্ব্বাদ লাভ করুন। যিনি জীবিত ও মৃতদের প্রতি দয়া নিবৃত্ত করেন নি।”

**বিবৃত্তিকার :** যারা সাহায্য তাদের সাবইকে ধন্যবাদ জ্ঞাপন করার পর ব্যাখ্যা করবে, “বোয়স ও রুত পরস্পরকে বিবাহ  
 করেছেন। তাদের পুত্রের নাম ওবেদ ছিল, যিনি যিশয়ের পিতা এবং যিশয় ছিলেন দায়ুদের পিতা। দায়ুদ ছিলেন  
 ইস্রায়েলের সবথেকে মহান রাজা, যার সম্বন্ধে বাইবেল অন্য সবার থেকে একমাত্র খ্রীষ্ট ছাড়া সব থেকে বেশীবার উল্লেখ  
 করেছে। যীশু ছিলেন বোয়স এবং রুতের বংশধর।”

**বি :** শিশুদের এক আঁটি শস্যের অথবা একটি কাস্টের ছবি আঁকতে দিন। তাদেরকে এই ছবিগুলি প্রাপ্ত বয়স্কদের দেখিয়ে  
 ব্যাখ্যা করতে দিন যে, আমরা শস্যাদি এবং অন্যান্য আশীর্ব্বাদের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিই।



**মুখস্থ পদ :** রুতের বিবরণ ২ঃ১২

ধন্যবাদ জ্ঞাপনকারী পদগুলি : দুইজন শিশুকে বিশাইয় ৯ঃ৩ এবং ২ করিন্থীয় ৯ঃ১১ আবৃত্তি করতে  
 দিন।

লোকেরা শস্যাদি এবং অন্যান্য আশীর্ব্বাদের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিচ্ছে এর উপর বড় শিশুদের  
 একটি গান, কবিতা অথবা সংক্ষিপ্ত নাটক লিখতে অলুন।